গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.২৫- ৮৫০

তারিখঃ ২৪/০২/২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

**বিষয়:-সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/ সহকারি নার্স/ মিডওয়াইফদের বদলি/পদায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণ।**

সূত্র: ১। স্বাস্থ্য সেবা বিভাগের পত্র নং- ৪৫.০০.০০০০.০০০.১৭২.৯৯.০০০২.২৫.২২৫, তারিখ:- ০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি:
২। স্বাস্থ্য সেবা বিভাগের পত্র নং- ৪৫.০০.০০০০.১৭২.১৯.০২৭.১০ (অংশ-১)-৩৪৩, তারিখ:- ১৪ ডিসেম্বর ২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন দেশের বিভিন্ন সরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কর্মরত সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/সহকারি নার্স/মিডওয়াইফদের বদলি/পদায়নের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাবলি জারি করা হলো:

- বদলি নীতিমালা-২০২০ অনুযায়ী বদলি/পদায়নের ক্ষেত্রে আবেদনকারী তাঁর পিডিএস হালনাগাদপূর্বক অনলাইনে আবেদন করবেন। এ বিষয়ে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে www.pmis.dgnm.gov.bd এর নিজ নিজ পিএমআইএস পোর্টালে (পিডিএস) লগ ইন করে নির্দিষ্ট ফর্মে আগামী ০১-০৩-২০২৬ খ্রি: তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হতে ২৫-০৩-২০২৬ খ্রি: তারিখ বিকাল: ০৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে;
- একক বদলির ক্ষেত্রে বর্তমান কর্মস্থলে ন্যূনতম ০৩ (তিন) বছর চাকরিকাল অতিবাহিত এবং পারস্পরিক বদলির ক্ষেত্রে ০৬ (ছয়) মাস অতিবাহিত হওয়ার পর বদলির আবেদন করতে পারবেন;
- গত ৩০-০৯-২০২৫ খ্রি: তারিখে যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্সগণ যারা সরকার ঘোষিত দুর্গম এলাকা, হাওর, দ্বীপ, চরাঞ্চল, পার্বত্য জেলা এলাকায় কর্মরত আছেন এবং যাদের চাকুরীর মেয়াদ ০৫ মাস পূর্ণ হয়েছে তারা একক বদলির আবেদন করতে পারবেন। তবে এ ক্ষেত্রে চাকুরীর মেয়াদ ০৬ (ছয়) মাস পূর্ণ হওয়ার পর নীতিমালা অনুয়ায়ী বদলির আদেশ কার্যকর হবে;
- ৩০-০৯-২০২৫ খ্রি: তারিখে যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্সগণ যাদের চাকুরীর মেয়াদ ০৫ মাস পূর্ণ হয়েছে তারা পারস্পরিক বদলির আবেদন করতে পারবেন। তবে এ ক্ষেত্রে চাকুরীর মেয়াদ ০৬ (ছয়) মাস পূর্ণ হওয়ার পর নীতিমালা অনুয়ায়ী বদলির আদেশ কার্যকর হবে।
- আবেদনকারীদের ব্যাচ, মেধাক্রম, দূরত্ব, দুর্গমতা, বদলির যৌক্তিক কারণ সফটওয়্যারের ভিত্তিতে পর্যালোচনাক্রমে অগ্রাধিকার বিবেচনায় বদলি/পদায়ন করা হবে;
- একজন আবেদনকারী তাঁর পছন্দের ক্রমানুসারে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি প্রতিষ্ঠানে আবেদনের সুযোগ পাবেন। কর্তৃপক্ষ কর্তৃক প্রাপ্ত আবেদনসমূহের প্রেক্ষিতে সফটওয়্যার ভিত্তিক পর্যালোচনা ও দাপ্তরিক কার্যক্রম শেষে ওয়েবসাইটে বদলি/পদায়নের আদেশ জারি করা হবে;
- প্রার্থীগণ মাতৃত্বকালীন/শিক্ষা ছুটিতে থাকাকালীন পারস্পরিক ও একক বদলির আবেদন করতে পারবেন না;
- পারস্পরিক বদলির ক্ষেত্রে একজন প্রার্থী একাধিক প্রার্থীর সাথে আবেদন করলে তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গৃহীত হবে;
- প্রার্থীর আবেদনে সুস্পষ্টভাবে বদলির কারণ উল্লেখ করতে হবে এবং অসুস্থতা বা দুর্ঘটনাজনিত হলে উপযুক্ত প্রমাণাদি অনলাইন আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;
- প্রার্থী কোন ধরনের তথ্য গোপন করে একক/পারস্পরিক বদলির আবেদন করলে তা অসদাচরণ হিসাবে বিবেচিত হবে এবং শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে অভিযুক্ত হবেন;
- অনলাইন ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত বা উপস্থাপনকৃত আবেদন বিবেচনা করা হবে না;
- এ বিজ্ঞপ্তি জারির পূর্বে এ অধিদপ্তরে দাখিলকৃত অনিষ্পন্ন আবেদন বাতিল বলে গণ্য হবে।
- সরকারি হাসপাতালসমূহে জরুরী স্বাস্থ্য সেবা সচল রাখার স্বার্থে সংযুক্তি/প্রেষণ/অতিরিক্ত দায়িত্ব প্রদানে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা সর্বময় ক্ষমতা সংরক্ষণ করবেন;
- প্রশাসনিক কারণে বদলির সাথে একক/পারস্পরিক বদলির সম্পর্ক নেই বিধায় কর্তৃপক্ষ যে কোন সময় যে কোন স্থানে যে কোন সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/সহকারি নার্স/মিডওয়াইফকে জনস্বার্থে বদলি করতে পারবেন:

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ বিজ্ঞপ্তি অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্ত:- ১। স্বাস্থ্য সেবা বিভাগের বদলি সংক্রান্ত পত্র।
২। বদলি নীতিমালা-২০২০।

[২৪/০২/২৬]
মোঃ আনোয়ার হোছাইন আকন্দ
(যুগ্মসচিব), স্বাস্থ্য সেবা বিভাগ
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ই-মেইল- info@dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.২৫-৫৫০/১২২৫ 

তারিখঃ ২৪/০২/২০২৬ খ্রিষ্টাব্দ

**অনুলিপি:** সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ------------------ বিভাগ, ----------------------------
৪. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল -------------------
৫. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপসচিব (নার্সিং সেবা-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. পরিচালক (প্রশাসন/শিক্ষা ও শৃংখলা/অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিভিল সার্জন, ------------------------------------------------------------------
১০. তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল, ------------------------
১১. সহকারী পরিচালক, জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল, -----------------
১২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ------------------------------------
১৩. উপপরিচালক (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৪. উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
১৫. সহকারী পরিচালক (সকল), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৬. সহকারী পরিচালক (নার্সিং), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, --------------- বিভাগ -------------
১৭. অধ্যক্ষ, নার্সিং কলেজ / নার্সিং ইনস্টিটিউট, --------------------------------
১৮. সেবা তত্ত্বাবধায়ক/উপসেবা তত্ত্বাবধায়ক, --------------------------------
১৯. জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, ---------------------------
২০. নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট/ নার্সিং ও মিডওয়াইফারি কলেজ, ------------------------------
২১. কো-অর্ডিনেটর, -------------------------------------------------------
২২. নার্সিং সুপারভাইজার, ---------------------------------------------------
২৩. প্রশাসনিক কর্মকর্তা (সকল)/হিসার রক্ষণ কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২৫. জনাব -------------------------------------------------------------------

[২৪/০২/২৬]
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

২০৮০
৮-০২
০৩/০৯/২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
নার্সিং সেবা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

04.09.25

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৭২.১১.০০০৪.২৫.২১৭

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ১০ম গ্রেডভুক্ত নার্সদের বদলি/পদায়ন সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর স্মারক নং-৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২৭৬২.২০২৫-১১৬, তারিখ: ১৮ জুন ২০২৫।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১০ম গ্রেডভুক্ত নার্সদের বদলি/পদায়ন সংক্রান্ত বিষয়ে এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, কর্মস্পৃহা তৈরি এবং ন্যায়বিচার প্রাপ্তি সম্পর্কে ইতিবাচক ধারণা তৈরির লক্ষ্যে সারাদেশে কর্মরত নার্সদের মধ্যে যাঁরা গ্রামাঞ্চলে ৩ (তিন) বছরের অধিক সময় দায়িত্ব পালন করছেন, তাঁদের বদলি/পদায়নের আবেদন অনলাইনে গ্রহণ করত: মেধার ভিত্তিতে বিভাগীয় সদরে পদায়ন করতে হবে।

০২। এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন সিনিয়র স্টাফ নার্সের শূন্য পদে নিয়োগের লক্ষ্যে বিপিএসসি কর্তৃক সূত্রোক্ত স্মারকের সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের নিয়োগ/পদায়ন/যোগদানের পর বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। একইসাথে, বর্ণিত সিদ্ধান্তের আলোকে নার্সদের জন্য প্রণীত বিদ্যমান বদলি নীতিমালাটির প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জন/যুগোপযোগী করার জন্য অনুরোধ করা হলো।

০১-০৯-২০২৫
আনোয়ারুল হক
উপসচিব
nurs1@hsd.gov.bd

মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.০০০.১৭২.১১.০০০৪.২৫.২১৭/১ (৭)

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), নার্সিং ও মিডওয়াইফারি অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।
২। যুগ্মসচিব, নার্সিং সেবা অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩। উপদেষ্টার একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
৫। বিশেষ সহকারীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(নার্সিং সেবা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.১৯.০২৭.১০(অংশ-১)-৬৪৬ তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৭
১৪ ডিসেম্বর ২০২০

## প্রজ্ঞাপন

### নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন ১০ম গ্রেডভুক্ত নার্সদের বদলি নীতিমালা

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীনে দেশের বিভিন্ন সরকারি হাসপাতাল/ স্বাস্থ্য সেবা কেন্দ্র ও অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানে কর্মরত ১০ম গ্রেডভুক্ত নার্সদের বিভিন্ন সমস্যার কারণে তাদের আবেদনের ভিত্তিতে এবং জনস্বার্থে বদলি প্রদানের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলোঃ

১. বদলির জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়া নির্ধারিত (একক/পারস্পরিক) আবেদন ফরম কম্পিউটারে টাইপ করে আবেদনকারীর স্বাক্ষর ও স্থানীয় কর্তৃপক্ষের অনুমতি/সুপারিশসহ সরাসরি অধিদপ্তরে জানুয়ারি থেকে ফেব্রুয়ারি মাসের মধ্যে জমা দিয়ে একটি সিরিয়াল নম্বর নিতে হবে। অধিদপ্তর একক আবেদনগুলি বিধি মোতাবেক ৩০ এপ্রিলের মধ্যে নিষ্পত্তি করবে।

২. স্থানীয় কর্তৃপক্ষ বলতে আবেদনকারী স্থায়ীভাবে/ প্রেষণে/ সংযুক্তিতে কর্মরত প্রতিষ্ঠানের নার্সিং সুপারভাইজার/ সেবা বা উপ সেবা তত্ত্বাবধায়ক/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/তত্ত্বাবধায়ক/পরিচালক বা সংশ্লিষ্ট পদস্থ কর্মকর্তাকে বুঝাবে। তবে হাসপাতাল/স্বাস্থ্য সেবা কেন্দ্রে সেবা তত্ত্বাবধায়ক থাকলে উপ সেবা তত্ত্বাবধায়ক কিংবা নার্সিং সুপারভাইজারগণ স্থানীয় কর্তৃপক্ষ হিসাবে অনুমতি/সুপারিশ করতে পারবেন না।

৩. সাধারণত প্রার্থীর প্রথম সরকারি চাকুরিতে যোগদান হলে পদায়িত কর্মস্থলে ০২ (দুই) বছর চাকুরি পূর্ণ হবার পর এককভাবে এবং ০৬ (ছয়) মাস পূর্ণ হবার পর পারস্পরিক বদলির আবেদন করতে পারবেন। তবে সরকার ঘোষিত দুর্গম এলাকা, হাওর, দ্বীপ, চরাঞ্চল, পার্বত্য জেলা এলাকায় নিয়োগপ্রাপ্ত/কর্মরত সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/ মিডওয়াইফদের চাকুরি ০৬ (ছয়) মাস পূর্ণ হবার পর পারস্পারিক ও একক বদলির আবেদন করতে পারবেন।

৪. প্রার্থীগণ মাতৃত্বকালীন/শিক্ষাকালীন/শ্রান্তি বিনোদন ছুটিতে থাকাকালীন একক/পারস্পারিক বদলির আবেদন করতে পারবেন না।

৫. পারস্পরিক বদলির আবেদন বছরের যে কোন সময় উভয় প্রার্থীর উপস্থিতিতে করা যাবে। একজন প্রার্থী একাধিক প্রার্থীর সাথে আবেদন করলে তার বিরুদ্ধে অসদাচরণজনিত শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গৃহীত হবে।

৬. প্রার্থী বর্তমান কর্মস্থলে আবেদনের ভিত্তিতে বদলি হলে পরবর্তী ০৩ (তিন) বছরের মধ্যে একক/পারস্পরিক বদলির আবেদন করতে পারবেন না।

৭. একক বদলির ক্ষেত্রে আবেদনকারীর বর্তমান কর্মস্থলে চাকুরিকাল ০৩ (তিন) বা ততোধিক বছর হলে এবং বদলির আবেদন যৌক্তিক ও মানবিক বিবেচিত হলে তিনি যেখানে বদলির আবেদন করেছেন সেখানে শূন্যপদ না থাকলেও ০৩ (তিন) বছরের অধিক কর্মরত যে কোন একজন সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/ মিডওয়াইফকে অন্যত্র বদলি করে তাকে সেখানে পদায়ন করা যাবে। তবে আবেদনকারীর বর্তমান কর্মস্থলে চাকুরিকাল ০৩ (তিন) বছরের কম হলেও চাহিত স্থানে শূন্যপদ থাকা সাপেক্ষে এবং বর্তমান কর্মস্থলে নার্সিং জনবল বিবেচনা করে বদলি করা যেতে পারে।

৮. সকল সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/ মিডওয়াইফ ০৬ (ছয়) মাস দুর্গম এলাকায় আবশ্যিকভাবে চাকুরি করবেন এবং কমপক্ষে ০২ (দুই) বছর উপজেলা পর্যায়ে ও ০১ (এক) বছর জেলা পর্যায়ে চাকুরি করার নিমিত্ত কর্তৃপক্ষ তাদেরকে বদলি করতে পারবেন।

৯. উচ্চশিক্ষার জন্য কেউ ছুটিতে গেলে তাকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (OSD) হিসেবে পদায়িত করে নতুন নার্স পদায়ন করতে হবে।

১০. আইসিইউ, বোন ম্যারো, কার্ডিয়াক, গাইনি, নিউরো, ক্যান্সার, চক্ষু, বক্ষব্যাধি প্রভৃতিসহ অন্যান্য বিশেষায়িত ক্ষেত্রে প্রশিক্ষিত যে কোন নার্সকে স্ব স্ব ক্ষেত্রে পদায়নে অগ্রাধিকার দিতে হবে। এ ক্ষেত্রে এক বছরের ডিপ্লোমাধারী নার্সরা অগ্রাধিকার পাবে।

১১. একজন প্রার্থী পুরো/সমগ্র চাকুরিকাল (প্রথম যোগদান হতে পিআরএল পর্যন্ত) সর্বোচ্চ ০৭ (সাত) বার একক এবং ০৫ (পাঁচ) বারের বেশি পারস্পরিক বদলি হতে পারবেন না/বদলির আবেদন করতে পারবেন না।

১২. একক/পারস্পরিক বদলির আবেদন পত্রের সাথে আবেদনকারীকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর সংরক্ষিত হালনাগাদ পিডিএস জমা দিতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১৩. প্রার্থী আবেদন পত্রে সুস্পষ্টভাবে বদলির কারণ উল্লেখ করবেন। অসুস্থতা বা শারীরিক/মানসিক বা দুর্ঘটনা জনিত কারণ হলে উপযুক্ত প্রমাণাদি (যদি থাকে) জমা দিতে হবে।

১৪. আবেদনের ভিত্তিতে একক/পারস্পরিক বদলির জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

১৫. একক/পারস্পরিক বদলির আবেদন করা হলে তা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পুনরায় আবেদন করা যাবে না। তবে আবেদন ০৬ (ছয়) মাসের মধ্যে নিষ্পত্তি না হলে নতুন/ পরিবর্তিত স্থানের জন্য বদলির আবেদন করা যাবে।

১৬. একক/পারস্পরিক বদলির আদেশ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ওয়েবসাইটে (www.dgnm.gov.bd) প্রকাশিত না হলে তা বৈধ আদেশ বলে বিবেচিত হবে না। অধিদপ্তরের ওয়েবসাইটে অপ্রকাশিত বদলির আদেশ অনুসরণ শৃঙ্খলা জনিত অপরাধ হিসাবে গণ্য হবে।

১৭. স্বামী-স্ত্রী উভয়ে সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স হলে বিধি মোতাবেক শূন্য পদ থাকা সাপেক্ষে একই কর্মস্থলে বদলির আবেদন করতে পারবেন। তবে কর্তৃপক্ষ উভয়কে চাহিত/নতুন কর্মস্থলে পদায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৮. একক বা পারস্পরিক কারণে কোন প্রার্থী অধিদপ্তর ব্যতীত একই কর্মস্থলে দ্বিতীয় বার বদলির আবেদন করতে পারবেন না।

১৯. পদ খালি না থাকা সাপেক্ষে এক হাসপাতাল হতে অন্য হাসপাতালে সংযুক্তিতে পদায়ন করা হলে তা সর্বোচ্চ তিন বছর পর্যন্ত বলবৎ থাকবে। তিন বছরের পূর্বে সংযুক্তি বাতিল করা না হলে তিন বছর অতিবাহিত হবার পর তা আপনাআপনি বাতিল বলে গণ্য হবে এবং সংযুক্তি প্রাপ্ত নার্সকে আবশ্যিকভাবে তার পূর্বের কর্মস্থলে যোগদান করতে হবে। হাসপাতালে নার্সের পদ শূন্য রেখে সংযুক্তিতে অন্য হাসপাতালে নার্স পদায়ন নিরুৎসাহিত করতে হবে। সংযুক্তি আদেশ প্রদানের সময় আবশ্যিকভাবে সংযুক্তির মেয়াদ উল্লেখ করতে হবে।

২০. একই কর্মস্থলে ১০ বছরের অধিক কর্মরত নার্সগণকে আবশ্যিকভাবে অন্যত্র বদলি/পদায়ন করতে হবে। অতঃপর ০৫ বছরের অধিক কর্মরতদের অন্যত্র পদায়ন করতে হবে। এভাবে তিন বছর পূর্ণ হলে নার্সকে অন্যত্র বদলি করতে হবে। বদলি করা সম্ভব না হলে তার কারণ উল্লেখ পূর্বক স্বাস্থ্য সেবা বিভাগকে জানাতে হবে।

২১. পর্যায়ক্রমে সকল নার্সকে পাহাড়ি/দুর্গম/হাওড়/প্রত্যন্ত জেলা, চরাঞ্চলের দুর্গম এলাকায় পদায়ন/বদলি করতে হবে যাতে ঐসব এলাকায় কোন নার্স দুই বছরের অধিক কর্মরত না থাকে।

২২. প্রার্থী কোন ধরনের তথ্য গোপন করে একক/পারস্পরিক বদলির আবেদন করলে তা অসদাচরণ হিসাবে বিবেচিত হবে এবং শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে অভিযুক্ত হবেন।

২৩. প্রার্থীর বর্তমান কর্মস্থলে ৩০% এর বেশী নার্সিং জনবলের পদ শূন্য রেখে একক বদলি কার্যকর করা যাবে না।

২৪. একক বদলির আবেদন করা হলেও তা অধিকার বা সুযোগ হিসাবে দাবী করা যাবে না। কর্মরত প্রতিষ্ঠানে নার্সিং জনবল ও রোগীর নার্সিং সেবা নিশ্চিতকরণ সর্বাধিক বিবেচনা রেখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২৫. প্রশাসনিক কারণে বদলির সাথে একক/পারস্পরিক বদলির সম্পর্ক নেই বিধায় কর্তৃপক্ষ যে কোন সময় যে কোন স্থানে যে কোন সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/ মিডওয়াইফকে জনস্বার্থে বদলি করতে পারবেন।

২৬. একক/পারস্পরিক যে কোন ধরনের বদলির আবেদনের উপরে কোন ব্যক্তি, গোষ্ঠী, সংগঠন, রাজনৈতিক ব্যক্তি বা বেসরকারি কোন ব্যক্তির সুপারিশ গ্রহণ কিংবা ভিজিটিং কার্ড সংযোজন শৃঙ্খলা জনিত অপরাধ হিসাবে গণ্য হবে।

২৭. একক/পারস্পরিকসহ যে কোন ধরনের বদলি/পদায়ন/সংযুক্তি/প্রেষণ/ অতিরিক্ত দায়িত্ব প্রদানে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা সর্বময় ক্ষমতা সংরক্ষণ করবেন।

২৮. বদলি সংক্রান্ত ইতিপূর্বে জারিকৃত সকল আদেশ, নির্দেশ ও নীতি এতদ্বারা বাতিল করা হলো।

এই নীতিমালা আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

১৪/১২/২০২০
(মোঃ মেজবাউল হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯
Email: nurs1@hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.১৯.০২৭.১০(অংশ-১)-৬৪৩/১(২০)
তারিখঃ ২৯ অগ্রহায়ণ ১৪২৭
১৪ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা-১২১২।
৩. যুগ্মসচিব (নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
৮. পরিচালক/বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ........................................
৯. সিভিল সার্জন........................................
১০. তত্ত্বাবধায়ক ........................................
১১. অধ্যক্ষ, ........................................
১২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,........................................
১৩. সহকারী পরিচালক (নার্সিং), বিভাগীয় পরিচালকের কার্যালয়........................................
১৪. ডিসট্রিক্ট পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস,........................................
১৫. সেবা তত্ত্বাবধায়ক/ উপ সেবা তত্ত্বাবধায়ক,........................................
১৬. রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০।